

ফতওয়া নং ৪২৩

প্রশ্ন:

হযরত আমার প্রশ্ন হল কিছু কিছু বক্তাদের মুখে বলতে শোনা যায়, যে কেয়ামতের দিন কে মানুষ যখন কবর থেকে বেরিয়ে বিচারের জন্য আল্লাহর সামনে দাঁড়াবে তাদের শরীরে কোন পোশাক থাকবে না সম্পূর্ণ উলঙ্গ হয়ে তেনারা বিচারের জন্য আল্লাহর সামনে দাঁড়াবে। এই কথাটা কি সহি হাদিস থেকে প্রমাণিত। একটু জানালে ভালো হয়

উত্তর:

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, লোকদের কিয়ামতের দিন উলঙ্গ শরীরে খাৎনাবিহীন অবস্থায় উঠানো হবে। প্রথম যে ব্যক্তিকে কাপড় পরিধান করানো হবে তিনি হলেন হযরত ইবরাহীম (আঃ)। (সুনানে নাসায়ী, হাদিস নং ২০৮২)

আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত:

আমি বললাম, হে আল্লাহর রাসূল! কিয়ামতের দিন হাশরের ময়দানে মানবজাতিকে কী অবস্থায় সমবেত করা হবে ? তিনি বলেনঃ নগ্নপদে উলংগ বদনে। আমি বললাম, নারীরাও? তিনি বলেনঃ নারীরাও। আমি বললাম, হে আল্লাহর রাসূল! এতে কি আমরা লজ্জিত হবো না? তিনি বলেনঃ হে আয়িশাহ! তখনকার অবস্থা হবে খুবই ভয়ংকর। কেউ কারো প্রতি দৃষ্টিপাত করার মত অবস্থায় থাকবে না। (সুনানে ইবনে মাজাহ, হাদিস নং ৪২৭৬)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৭ যিলহজ্জ, ১৪৪৫ হিজরী (05/07/2024)